ALL INDIA RADIO
RNU : KOLKATA
BENGALI BULLETIN

DATE: 21.07.2017 **TIME: 07.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ

১) আজ ২১শে জুলাই। তৃণমূল কংগ্রেসের শহীদ দিবসের সমাবেশে যোগ দিতে ভোর থেকেই হাজার হাজার মানুষ কলকাতায় ভিড় করেছেন।

২) বিমল গুরুং সহ গোর্খা জনমুক্তি মোর্চার তিন শীর্ষ নেতার ব্যাঙ্ক অ্যাকাউন্ট CID, ফ্রিজ করে দিয়েছে।

৩) কলকাতার SSKM হাসপাতালে চিকিৎসাধীন পুরুলিয়ার সাড়ে তিন বছরের নির্যাতিতা শিশুটির মৃত্যু হয়েছে।

৪) মৌসুমী অক্ষরেখার প্রভাবে গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সর্বত্র আজ কম-বেশি বৃষ্টির সম্ভাবনা। কোথাও কোথাও ভারী বৃষ্টিও হতে পারে।

****

আজ ২১শে জুলাই। কলকাতায় তৃণমূল কংগ্রেসের শহীদ দিবসের সমাবেশে যোগ দিতে ভোর থেকেই দলে দলে মানুষ ধর্মতলা চত্বরে ভিড় করতে শুরু করেছেন। উত্তরবঙ্গ-সহ দূর দূরান্তের জেলা থেকে গতকালই পৌঁছে গেছেন বহু কর্মী, সমর্থক। এর মধ্যেই ৫০ হাজারের বেশি মানুষ শহরে এসেছেন বলে পুলিশসূত্রে জানা গেছে। মহানগরের কেন্দ্রস্থলে আজকের এই সমাবেশকে ঘিরে সর্বত্রই এখন সাজো সাজো রব। শহর অবরুদ্ধ হয়ে পড়ার আশঙ্কাও থাকছে।

তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবারের শহীদ দিবসের সমাবেশে কী বার্তা দেন, সেদিকে নজর থাকবে বিভিন্ন রাজনৈতিক দল সহ নানা মহলের। সভা নির্বিঘ্ন এবং শহর সচল রাখতে পুলিশ প্রশাসন ব্যাপক বন্দোবস্ত করেছে। গতকাল দফায় দফায় পুলিশ কমিশনার রাজীব কুমার সহ পুলিশের শীর্ষ কর্তারা সভাস্থলের প্রস্তুতি ঘুরে দেখেন। সব বন্দোবস্ত দেখে যান তৃণমূল কংগ্রেস নেত্রী, দলের মহাসচিব ও যুবসভাপতি সহ দলীয় নেতারা।

-- একটি প্রতিবেদন (অভিরূপ ভয়েস কাস্ট) --

****

NDA প্রার্থী রামনাথ কোবিন্দ, দেশের চতুর্দশতম রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পরই এরাজ্যে ক্রস ভোটিং নিয়ে শাসকদল তৃণমূল কংগ্রেস এবং বিরোধী কংগ্রেস ও CPIM-এর মধ্যে পারস্পরিক দোষারোপ শুরু হয়েছে। গতকাল ফলাফল ঘোষণার সময়ই জানা যায়, পশ্চিমবঙ্গ থেকে কোবিন্দের পক্ষে ১১জন বিধায়ক ভোট দিয়েছেন। যদিও শুধু BJP ও গোর্খা জনমুক্তি মোর্চার তিনজন করে মোট ছ'জন বিধায়ক কোবিন্দের পক্ষে ভোট দেবেন বলে মনে করা হচ্ছিল। BJP অবশ্য এই ক্রস ভোটিংকে স্বাগত জানিয়ে বলেছে, তৃণমূল কংগ্রেস যে বাংলায় জমি হারাচ্ছে এটি তারই একটি ইঙ্গিত। দশজন বিধায়কের ভোট বাতিল হওয়াও তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

****

জলপাইগুড়ির হোম থেকে শিশুপাচার কাণ্ডের তদন্তে সিআইডি গতকাল বিজেপির কেন্দ্রীয় নেতা কৈলাস বিজয়বর্গীয় ও সাংসদ রূপা গঙ্গোপাধ্যায়কে নোটিস পাঠিয়েছে। চলতি মাসের ২৭ ও ২৯ তারিখে তাদের ভবানী ভবনে ডেকে পাঠানো হয়েছে বলে সিআইডি সূত্রে খবর। কৈলাসের সহযোগী প্রশান্ত সারিন ও বিনায়ক মিশ্রকেও সিআইডি তলব করেছে। শিশু পাচার কান্ডের তদন্ত শুরু হওয়ার পর জলপাইগুড়ির বিজেপি নেত্রী জুহি চৌধুরীর নাম উঠে আসে।সেই সূত্রে রূপা ও কৈলাস বিজয়বর্গীয়র নামও জড়িয়ে যায় । সে ব্যাপারেই তাদের জিজ্ঞাসাবাদ করা হতে পারে বলে সূত্রের খবর।

এদিকে, প্রধানমন্ত্রী আবাস যোজনা সংক্রান্ত দুর্নীতির একটি মামলায় বিজেপির প্রাক্তন বিধায়ক শমীক ভট্টাচার্যকেও সিআইডি নোটিস পাঠিয়েছে।শমীকবাবু তদন্তে সবরকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন ।

****

পাহাড়ে লাগাতার বনধ্ এবং অশান্তির মধ্যেই CID, গোর্খা জনমুক্তি মোর্চার সভাপতি বিমল গুরুং, সাধারণ সম্পাদক রোশন গিরি ও আরেক নেতা বিনয় তামাং-এর ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করে দিয়েছে। অর্থের অপব্যাবহারের অভিযোগেই মোর্চার এই তিন শীর্ষ নেতার ব্যাঙ্ক অ্যাকাউন্টের লেনদেন বন্ধ করে দেওয়া হল বলে CID সূত্রে জানা গেছে। তিনটি অ্যাকাউন্টই রয়েছে দার্জিলিং-এর একটি বেসরকারি ব্যাঙ্কে। সব মিলিয়ে প্রায় ২৬ লক্ষ টাকা এই অ্যাকাউন্টগুলিতে রয়েছে বলে CID-র এক আধিকারিক জানিয়েছেন।

এদিকে, কলকাতা থেকে মানবাধিকার সংগঠন APDR-এর একটি দল পাহাড়ে গেছেন। নিহত মোর্চা সমর্থক তাসি ভুটিয়ার বাড়িতে গিয়ে তার

পরিবারের সঙ্গে তাঁরা কথা বলেন। আজ এই দলটির দার্জিলিং-এ যাওয়ার কথা বলে আমাদের জেলা সংবাদদাতা স্বপন পাল জানিয়েছেন।

এদিকে, রাজ্য সরকারের আবেদন মেনে সেনা বাহিনী, দার্জিলিং পাহাড় থেকে তিন কলাম সেনা প্রত্যাহার করে নিয়েছে।

****

পৃথক রাজ্যের দাবিতে গোর্খা জনমুক্তি মোর্চার এক প্রতিনিধি দল গতকাল রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠীর সঙ্গে দেখা করে। রাজ্যপাল ঐ প্রতিনিধি দলকে পাহাড়ে শান্তি ফিরিয়ে আনতে উদ্যোগী হওয়ার আবেদন জানান।

****

পণ্য পরিষেবা কর জিএসটি চালু হওয়ায় রাজ্যের ছোট ব্যবসায়ীরা অসুবিধায় পড়েছেন বলে অভিযোগ জানিয়ে রাজ্যের বিরোধী দলনেতা আব্দুল মান্নান কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলিকে চিঠি দিয়েছেন। তিনি বলেছেন, এই কর চালু করার সময় ছোট ব্যবসায়ীরা অসুবিধায় পড়বেন না বলে কেন্দ্রীয় সরকারের তরফে দাবি করা হলেও আদতে দর্জি, ওসুধ ব্যবসায়ী, নির্মাণ শিল্পের সঙ্গে যুক্ত ব্যবসায়ী ও শ্রমিকরা ব্যবসা চালাতে অসুবিধার সম্মুখীন হচ্ছেন। অবিলম্বে বিষয়টির নিষ্পত্তি করতে শ্রী মান্নান কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন জানিয়েছেন।

****

পাঁচতারা হোটেল এবং দামী রেস্তোরাঁওগুলিতে মিনারেল ওয়াটারের বোতলের দাম, সর্বোচ্চ খুচরো মূল্য বা MRP-র চেয়ে বেশি নেওয়া যাবেনা বলে রাজ্যের উপভোক্তা বিষয়কমন্ত্রী সাধন পান্ডে স্পষ্ট জানিয়েছেন।

কলকাতায় বণিকসভা MCCI-এর এক অনুষ্ঠানে গতকাল তিনি বলেন, কেন্দ্র, বোতলবন্দী জলের দামের ব্যাপারে নির্দেশিকা পাঠিয়েছে। রাজ্য সরকার, কঠোরভাবে সেই নির্দেশিকা কার্যকর করবে। কেউ যদি বেশি দাম নেয়, তাহলে কড়া ব্যবস্থা নেওয়া হবে।

****

কলকাতার SSKM হাসপাতালে চিকিৎসাধীন পুরুলিয়ার নির্যাতিতা সাড়ে তিন বছরের শিশুটির মৃত্যু হয়েছে। গত মঙ্গলবার কয়েক ঘন্টা ধরে অস্ত্রোপচার করে তার ছোট্ট শরীর থেকে সাতটি সূচ বের করা হয়। তারপরেও শিশুটির অবস্থা স্থিতিশীল ছিল। হঠাত্ই গতকাল থেকে অবস্থার অবনতি হতে থাকে। গভীর রাতে সে মারা যায় বলে হাসপাতালের অধিকর্তা ডাক্তার অজয় কর আমাদের প্রতিনিধি শিপ্রা সেনসাহাকে জানিয়েছেন।

গত সপ্তাহে নৃশংস অত্যাচারের শিকার মেয়েটিকে নিয়ে তার মা পুরুলিয়ার দেবেন মাহাতো সদর হাসপাতালে যান। শিশুটির শরীরে অসংখ্য ক্ষত দেখে চিকিৎসকদের সন্দেহ হওয়ায় খবর যায় পুলিশে। বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতাল হয়ে শিশুটিকে SSKM-এ নিয়ে যাওয়া হয়। তার শরীরের বিভিন্ন জায়গায় সূচ বিঁধে ছিল। ফুসফুসে ছিল সংক্রমণ। হিমোগ্লোবিনের মাত্রাও ছিল

কম। একটি হাতও ভাঙা ছিল। ফুসফুসে সংক্রমণই, শিশুদের ICU-তে চিকিৎসাধীন বাচ্চাটির মৃত্যুর কারণ বলে জানা গেছে।

****

নদীয়ার চাকদার রামলাল অ্যাকাডেমির একাদশ শ্রেণির মেধাবী ছাত্র সন্তু ভট্টাচার্যের নিখোঁজ হবার ঘটনায় ধৃত সন্তুর বন্ধু সায়ন বিশ্বাসকে পুলিশ দীর্ঘক্ষণ জিজ্ঞাসাবাদ করেছে। গতকাল তাকে কৃষ্ণনগরে জুভেনাইল আদালতে তোলা হয়। সায়নের বিরুদ্ধে অপহরণ এবং জোর করে আটকে রাখার অভিযোগ আনা হয়েছে। যদিও তার বাবার অভিযোগ, সন্তুর বাবা-মা নিজেদের পারিবারিক অশান্তি ঢাকতেই তাঁর ছেলেকে ফাঁসিয়েছে।

****

নদীয়ার কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর স্তরে বাংলার প্রবেশিকা পরীক্ষায় এক ছাত্রীকে প্রশ্নপত্রের সঙ্গে উত্তরপত্র দিয়ে দেবার ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। গতকাল বাংলা বিভাগে ৪০ শতাংশ আসনে ভর্তির জন্য পরীক্ষা নেওয়া হচ্ছিল। বিভাগের অধ্যাপক প্রবীর প্রামাণিক এক ছাত্রীকে প্রশ্নপত্রের সঙ্গে ঐ সেটের উত্তরপত্রও দিয়ে দেন বলে অভিযোগ। অন্য পরীক্ষার্থীরা প্রতিবাদ জানালেও তিনি কান দেন নি। পরীক্ষার্থীরা এরপর উপাচার্যের কাছে অভিযোগ জানান। উপাচার্য শঙ্করকুমার ঘোষ জানিয়েছেন, অভিযোগ সত্যি হলে সংশ্লিষ্ট অধ্যাপকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

****

হাওড়ার গাদিয়াড়ার একটি হোটেলে হানা দিয়ে CID, দেহব্যবসা চালানোর অভিযোগে হোটেলের মালিক ও ম্যানেজার সহ ৮ জনকে গ্রেপ্তার করেছে। উদ্ধার করা হয়েছে এক নাবালিকা সহ ৫টি মেয়েকে। গোপনসূত্রে খবর পেয়ে গতসন্ধ্যায় CID এই অভিযান চালায়।

****

ছাত্রীদের সঙ্গে অশালীন আচরণের অভিযোগ এনে হাওড়ার উলুবেড়িয়ার থানার নয়াচক, জোয়ারগড়ি, করাতবেড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে অভিভাবক ও স্থানীয় গ্রামবাসীদের একাংশ গতকাল বেধড়ক মারধর করে। পুলিশ গিয়ে আহত ঐ শিক্ষককে উদ্ধার করে উলুবেড়িয়া স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি করে।

****

বেআইনীভাবে মদের দোকান চালানোর অভিযোগে পুরুলিয়া শহরের বরাকর রোডে এলাকার মহিলারা গতকাল দোকানটিতে ভাঙচুর চালান। তাঁদের বক্তব্য, জাতীয় সড়কের ৫০০ মিটারের মধ্যে এই দোকান চালানো হচ্ছে। সুপ্রীমকোর্টের নির্দেশ অনুযায়ী যা আইনবিরুদ্ধ। তাছাড়া মদের দোকানটির কাছাকাছি একাধিক স্কুলও রয়েছে। পুরুলিয়া সদর থানার পুলিশ ব্যবস্থা নেবার আশ্বাস দিলে উত্তেজনা প্রশমিত হয়।

****

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর দিয়ে বিস্তৃত মৌসুমি অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হচ্ছে। আগামী ৪৮ ঘন্টাতেও গাঙ্গেয় পশ্চিমবঙ্গের সর্বত্রই কম-বেশি বৃষ্টির সম্ভাবনা। কোথাও কোথাও ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়াদপ্তর জানিয়েছে। বীরভূম থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, রাত থেকে জেলায় বজ্রবিদ্যুত্ সহ প্রবল বৃষ্টি হচ্ছে।

****

****